যুগান্তর

তারিখ ... 05 SEP 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# ত্রিশালে প্রধান শিক্ষকের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ

**ত্রিশাল (ময়মনসিংহ) প্রতিনিধি**

ময়মনসিংহের ত্রিশাল উপজেলার বৈলর সাহিত্যরত্ন রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে নানা অনিয়ম ও দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে।

অভিভাবকরা উপজেলা ও জেলা শিক্ষা অফিসার বরাবরে এ নিয়ে লিখিত অভিযোগ করেও প্রতিকার পাচ্ছেন না বলে জানিয়েছেন বিদ্যালয়টির প্রতিষ্ঠাতার ছেলে মামুন অর রশিদ। অভিযোগে জানা গেছে, বিদ্যালয়ের প্রধান শিক্ষক নোমান সামদানীর বিরুদ্ধে বিদ্যালয়ের পরিচালনা কমিটি গঠনে গাফিলতির অভিযোগ রয়েছে। ২ বছর পূর্বে বিদ্যালয় পরিচালনার জন্য আহ্বায়ক কমিটি গঠন করা হলেও প্রধান শিক্ষক টালবাহানা করে যাচ্ছেন। পূর্ণাঙ্গ কমিটি গঠনে আজও কোনো সভা আহ্বান করেননি তিনি। এছাড়া প্রধান শিক্ষক বিদ্যালয়ের প্রায় ৪০ হাজার টাকা মূল্যের কয়েকটি গাছ বিক্রি করে টাকা আত্মসাৎ করেছেন। সরকারিভাবে বরাদ্দকৃত বিদ্যালয়ের স্লিপের টাকা তিনি কী কী কাজে খরচ করেছেন, তাও কেউ জানে না। এছাড়া এই বিদ্যালয়টির নিজস্ব ৫২ শতাংশ জমি অন্যের দখলে থাকলেও আজ পর্যন্ত তিনি রহস্যজনক কারণে তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেননি। প্রধান শিক্ষকের এসব দুর্নীতির বিরুদ্ধে ৬ সেপ্টেম্বর উপজেলা শিক্ষা অফিসার বরাবরে অভিভাবকরা অভিযোগ দাখিল করেন।

এ ব্যাপারে বৈলর কাস্টারের দায়িত্বপ্রাপ্ত উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা জহির আলম জানান, অভিযোগ পেয়েছি, বিদ্যালয় পরিচালনার জন্য একটি পূর্ণাঙ্গ কমিটি দ্রুত সময়ের মধ্যেই গঠন করা হবে। এবং প্রধান শিক্ষকের বিরুদ্ধে অন্য অভিযোগ তদন্ত করে জেলা শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করা হয়েছে। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার যেভাবে বলেন, সে অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে। বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা মরহুম মৌলভী ওয়াজিউল্লাহর ছেলে মোহাম্মদ মামুনুর রশিদ জানান, বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিজের স্বার্থ চরিতার্থ করার জন্য আমরা বিদ্যালয়ের প্রতিষ্ঠাতার সন্তান থাকা সত্ত্বেও আমাদের কখনও কমিটিতে রাখেন না। এছাড়া তার মোবাইলে এসএমএস পাঠিয়ে ও কোনো সাড়া মেলেনি।